# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫১১

২৭/ আদব

পরিচ্ছেদঃ সচ্চরিত্রতার মাহাত্ম্য

## আরবী

وَعَن جَابِرٍ أَنَّ رَسُوْلَ الله ﷺ قَال إنَّ مِنْ أحَبِّكُمْ إليَّ وَأقْرَبِكُمْ مِنِّي مَجْلِساً يَوْمَ القِيَامَةِ أحَاسِنَكُم أخْلاَقاً وَإنَّ أبْغَضَكُمْ إلَيَّ وَأبْعَدَكُمْ مِنِّي يَوْمَ القِيَامَةِ الثَّرْثَارُونَ وَالمُتَشَدِّقُونَ وَالمُتَفَيْهِقُونَ قَالُوا : يَا رَسُوْلَ اللهِ قَدْ عَلِمْنَا الثَّرْثَارُونَ وَالمُتَشَدِّقُونَ فما المُتَفَيْهِقُونَ ؟ قَالَ المُتَكَبِّرُونَ رواه الترمذي وقال حديث حسن

## বাংলা

(৩৫১১) জাবের (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের মধ্যে আমার প্রিয়তম এবং কিয়ামতের দিন অবস্থানে আমার নিকটতম ব্যক্তিদের কিছু সেই লোক হবে যারা তোমাদের মধ্যে চরিত্রে শ্রেষ্ঠতম। আর তোমাদের মধ্যে আমার নিকট ঘৃণ্যতম এবং কিয়ামতের দিন অবস্থানে আমার নিকট থেকে দূরতম হবে তারা; যারা অনর্থক অত্যাধিক আবোল-তাবোল বলে ও বাজে বকে এমন বাচাল ও বখাটে লোক; যারা আলস্যভরে বা কায়দা করে টেনেটেনে কথা বলে। আর অনুরূপ অহংকারীরাও।

## ফুটনোট

(তিরমিযী ২০১৮, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67259

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন